



এসএসসি পরীক্ষা

বোর্ড নির্ধারিত ফির চেয়ে কয়েকগুণ বেশি নিচ্ছে স্কুলগুলো

রাসেল মেহেন্দী ॥ রাজধানীর অধিকাংশ বেসরকারি হাই স্কুলে এসএসসি পরীক্ষার ফরম পূরণে বোর্ড নির্ধারিত ফির চেয়ে অতিরিক্ত ফি নেয়া হচ্ছে। ফি নেয়ার ক্ষেত্রে সুনির্দিষ্ট কোন নীতিমালা নেই। একে একে স্কুলে এক একরকম হারে নেয়া হচ্ছে। এ ব্যাপারে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের উপনিয়ন্ত্রক (মাধ্যমিক) স্পষ্ট কিছু না জানালেও বোর্ডের অন্য একটি সূত্র থেকে জানা গেছে, বেসরকারি স্কুলে ফি নেয়ার ক্ষেত্রে বোর্ডের কোন নীতিমালা নেই। বোর্ড সাধারণত হস্তক্ষেপও করে না। প্রতিবছরই ফরম পূরণের ক্ষেত্রে এ ধরনের ঘটনা ঘটছে। অতিরিক্ত অর্থ দিতে হচ্ছে অভিভাবকদের।

বোর্ড সূত্রে জানা গেছে, বোর্ডের নির্ধারিত ফি হচ্ছে, প্রতি বিষয়ের জন্য ৩৫ টাকা হারে চতুর্থ বিষয়সহ ১১টি বিষয়ের জন্য ৩শ' ৮৫ টাকা। ব্যবহারিক ফি বিষয়প্রতি ২০ টাকা। মূল্যায়ন ফি ৩০ টাকা, স্টাডি ফি ১০ টাকা, শিক্ষা সপ্তাহ ফি ৫ টাকা এবং কেন্দ্র ফি ১০০ টাকা। এই হিসাবে কলা ও বাণিজ্য বিভাগের সর্বমোট ফি দাঁড়ায় ৫শ' ২৫ টাকা এবং বিজ্ঞান বিভাগের ফি ৬শ' ৫ টাকা। সরকারি হাইস্কুলগুলোতে এই ফির সাথে সেশন চার্জ, টিউশন ফি ও অন্যান্য ফিসহ প্রায় এক হাজার টাকা ফি নেয়া হয়। স্কুলের ঐচ্ছিক বিষয়গুলোর তারতম্য অনুযায়ী ফির টাকার অংকেরও তারতম্য হয়। তবে সরকারি স্কুলগুলোতে এক হাজার টাকার বেশি ফি সাধারণত নেয়া হয় না। দু'টি স্কুলে দেড় হাজার টাকা পর্যন্ত নেয়া হয়।

স্কুলের পরিচালনা পর্ষদের এর ধার্য ফিরের সাথে যুক্ত হয়। এই ফির সেশন চার্জ, এককালীন টিউশন কোর্সিং ফি প্রভৃতি যুক্ত করা হয় হারেরও রকমফের আছে। যেমন, এ ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড বিজ্ঞান বিভাগের জন্য সর্বমোট ২' ১শ' ৬০ টাকা এবং কলা ও বিজ্ঞান বিভাগের জন্য ২ হাজার ১শ' টাকা হচ্ছে। উদয়ন হাইস্কুলে বিজ্ঞান বিভাগে ২ হাজার ৮শ' ৬০ টাকা এবং কলা বিভাগের জন্য ২ হাজার ৮শ' নেয়া হচ্ছে। মতিঝিল মডেল হাই বিজ্ঞান বিভাগের জন্য ২ হাজার ৮ টাকা এবং কলা ও বাণিজ্য বিভাগে ২ হাজার ৮শ' টাকা নেয়া হচ্ছে।

এছাড়া খোঁজ নিয়ে জানা হলিফ্রেন্স হাইস্কুল, রাইফেলস পাবলিক ও কলেজ, নীলক্ষেত্র হাইস্কুল প্রভৃতি এখনও এ বছরের জন্য ফি নির্ধারণ হয়নি। তবে জানা যায়, এসব স্কুলে কখনও দু' হাজার টাকার নিচে অভিজাত এলাকায় অবস্থিত কোন স্কুলে এই ফির হার পাঁচ হাজার পর্যন্তও নির্ধারণ করা হয়ে থাকে। রাজধানীর অনেক স্কুলে উন্নয়ন কল্যাণ তহবিল প্রভৃতি খাত দেখিয়ে পূরণের ফির সাথে অস্বাভাবিক অর্থ ফি নেয়া হয়। এসব স্কুলে স্বল্প শিক্ষার্থীদের অভিভাবকরা অতিরিক্ত যোগান দিতে হিমশিম খাচ্ছেন। ব্যাপারে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বোর্ড, ঢাকা-এর উপনিয়ন্ত্রক (মাঃ জানান, স্কুলের ছাত্রসংখ্যা, টিউশন অরকারসাম্যগত অবস্থা প্রভৃতি কাব্য